



হেলন কেটলি মনুস্কোর তৃতীয় জন্মদিন
যায়যায়দিন
১৯৮৪ থেকে

যায়যায়দিন, ১৪-০১-২০২৫, পৃষ্ঠা-১৫



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির শিক্ষার্থীদের মেধা বৃত্তি প্রদান

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ২০২৪ সালের 'সামার' এবং 'ফল' সেমিস্টারের ২১৯ জন শিক্ষার্থীকে তাদের চমৎকার একাডেমিক ফলাফলের জন্য 'মেধা বৃত্তি' প্রদান করেছে। রোববার বিশ্ববিদ্যালয়ের 'মঞ্জুর এলাহী' অডিটোরিয়ামে এই বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের সদস্য ফারুক বি চৌধুরী। সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান।

প্রধান অতিথি মেধাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকদের অভিনন্দন জানান। একইসঙ্গে ভবিষ্যতে কর্মক্ষেত্রে নিজেদের এই উৎকর্ষতা ও নিষ্ঠাকে কাজে লাগিয়ে নিজের, দেশের এবং প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধির প্রতি গুরুত্ব

দেন। তিনি শিক্ষার্থীদের এই অর্জনে গর্ব প্রকাশ করেন এবং ভবিষ্যতে আরও সাফল্যের জন্য তাদের উৎসাহিত করেন। অধ্যাপক ড. শামস রহমান তাঁর বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের সহায়ক ও সমৃদ্ধ একাডেমিক পরিবেশ গড়ে তোলার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। তিনি শিক্ষার্থীদের কঠোর পরিশ্রম ও অধ্যবসায়ের প্রশংসা করেন, বিশেষ করে উল্লেখযোগ্য সংখ্যক নারী শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রাপ্তির কথা উল্লেখ করেন এবং শিক্ষায় লিঙ্গ সমতা বজায় রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. আশিক মোসাদ্দিক, ডিন, শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, মেধাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকরা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি